পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর
ফোনঃ ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়নঃ
pgcl.org.bd

নম্বর ২৮.১৮.০০০০.০৫৪.৪০.০০১.২৩.১৮

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০
২৫ জুলাই ২০২৩

নৈতিকতা কমিটির সভার বিজ্ঞপ্তি

পিজিসিএল-এর অফিস আদেশ নং- ২৮.১৮.০০০০.০৩৩.৯৯.০০৮.১৯.২১৯; তারিখঃ ২০ জুন ২০২৩ এর মাধ্যমে গঠিত "পিজিসিএল নৈতিকতা কমিটি" এর একটি সভা আগামী ২৬ জুলাই ২০২৩ তারিখ বুধবার দুপুর ০৩:০০ ঘটিকায় কোম্পানির প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম-এ কমিটির আহ্বায়ক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় পিজিসিএল নৈতিকতা কমিটি-এর সকল সদস্যকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচীঃ**

| | |
|---|---|
| ক) | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়নে করণীয় নির্ধারণ। |
| খ) | সভাপতির সম্মতিক্রমে বিবিধ। |

২৫-৭-২০২৩
প্রকৌ. রাজীব ভট্টাচার্য্য
ব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট,
পিজিসিএল নৈতিকতা কমিটি
ফোন: ০২৫৮৮৮৩০৮৫৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
২) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৩) উপ-মহাব্যবস্থাপক, এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৪) উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৫) উপ-মহাব্যবস্থাপক, সার্ভিসেস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (প্রধান কার্যালয়ের কনফারেন্স কক্ষটি উক্ত সময়ে সভা আয়োজনের জন্য পরিস্কার-পরিচ্ছন্ন রাখার অনুরোধ করা হলো)।

৬) সহকারী প্রকৌশলী (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২৬ জুলাই ২০২৩, |
| সভার সময় | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| স্থান | কনফারেন্স রুম। |
| উপস্থিতি | পরিশষ্ট ‘ক’ |

১.০ পিজিসিএল-এর অফিস আদেশ নং- ২৮.১৮.০০০০.০৩৩.৯৯.০০৮.১৯.২১৯, তারিখঃ ২০ জুন ২০২৩ এর মাধ্যমে গঠিত **“পিজিসিএল নৈতিকতা কমিটি”** এর উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় গত ০৩/০৭/২০২৩ তারিখে মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করায় পিজিসিএল নৈতিকতা কমিটির সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে সরকারের নতুন ভিশন ‘স্মার্ট মানুষ, স্মার্ট সমাজ, স্মার্ট বাংলাদেশ’ বিনির্মাণে নৈতিকতা কমিটির সদস্যদের সচেষ্ট ও অগ্রনী ভুমিকা পালন করার জন্য পিজিসিএল নৈতিকতা কমিটিকে সঠিকভাবে কাজ করার অনুরোধ করেন। পরবর্তীতে সভাপতির সম্মতিতে পিজিসিএল নৈতিকতা কমিটির সদস্যগণের উপস্থিতিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|
| ১) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক-১.১ এ “নৈতিকতা কমিটির সভা আয়োজন” এর উল্লেখ রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের ১ম মাসে নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে এবং উক্ত সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়নে করণীয় ইত্যাদি বিষয়ে আলোচনা করতে হবে। সদস্য-সচিব আরও জানান আজকের এ সভাটি এ লক্ষ্যেই আহবান করা হয়েছে। আহবায়ক মহোদয় নৈতিকতা কমিটির সভাটি প্রতি কোয়ার্টারের ১ম মাসে আয়োজন করা এবং এর কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের ১ম মাসে পিজিসিএল নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ। | পিজিসিএল নৈতিকতা কমিটি |

| | | | |
|---|---|---|---|
| ২) | কমিটির সদস্য-সচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে ক্রমিক- ১.৩ এ "শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন" এর লক্ষ্যমাত্রা রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। তিনি আরও জানান স্বাক্ষরিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারে কমপক্ষে ৫০ জন কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। কার্যক্রমটি বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (এইচআর)। তিনি জানান আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কমপক্ষে ৫০ জন কর্মকর্তা/কর্মচারী নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। সভাপতি মহোদয় দ্রুত প্রশিক্ষণটি আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির কমপক্ষে ৫০ জন কর্মকর্তা/কর্মচারী নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা। | উপ-মহাব্যবস্থাপক (এইচআর) |
| ৩) | কর্ম-পরিকল্পনার ক্রমিক-২.১ এ ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে আগামী ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। কার্যক্রমটি উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এবং ব্যবস্থাপক (আইসিটি) কর্তৃক বাস্তবায়িত হবে মর্মে কমিটির একজন সদস্য সভাকে অবহিত করেন। সভায় ব্যবস্থাপক (আইসিটি) জানান, ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা (এপিপি) চুড়ান্তকরণের কার্যটি চলমান রয়েছে। আগামী ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে এপিপি-টি ওয়েবসাইটে প্রকাশ করা হবে মর্মে অবহিত করেন। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা (এপিপি) কোম্পানির ওয়েবসাইটে আগামী ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা। | উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এবং ব্যবস্থাপক (আইসিটি) |
| ৪) | কমিটির সদস্য-সচিব জানান, কর্ম-পরিকল্পনার ক্রমিক-৩.১ এ "সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ" কার্যক্রমের উল্লেখ রয়েছে। কার্যক্রমটি মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন) মহোদয়গণের তত্ত্বাবধানে বাস্তবায়িত হবে। সদস্য-সচিব আরও জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকায় সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করার জন্য নির্ধারিত ছক রয়েছে। কোম্পানির বিক্রয় ও রাজস্ব শাখা/উপ-শাখায় আগত সেবা প্রত্যাশীদের তথ্য উক্ত ছক অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ এবং প্রতি তিনমাস পর পর রেজিস্টারের সত্যায়িত স্ক্যানকপি নৈতিকতা কমিটির নিকট দাখিল করার জন্য মহাব্যবস্থাপক (ফিন্যান্স) এবং মহাব্যবস্থাপক (বিপণন) মহোদয়গণকে পত্র প্রদান করা যেতে পারে। | কোম্পানির বিক্রয় ও রাজস্ব শাখা/উপ-শাখায় আগত সেবা প্রত্যাশীদের তথ্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ এবং প্রতি তিনমাস পর পর রেজিস্টারের সত্যায়িত স্ক্যানকপি নৈতিকতা কমিটির নিকট দাখিল করা। | মহাব্যবস্থাপক (ফিন্যান্স) ও মহাব্যবস্থাপক (বিপণন) |

| | | | |
|---|---|---|---|
| ৫) | কমিটির সদস্য-সচিব জানান, পেট্রোবাংলার নৈতিকতা কমিটির নির্দেশনা অনুযায়ী পিজিসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত নয় এমন কিছু কার্যক্রম নৈতিকতা কমিটির সভায় গ্রহন করতে হবে এবং উক্ত কোয়ার্টারের মধ্যে বাস্তবায়ন করতে হবে। সভায় সদস্য-সচিব ১ম কোয়ার্টারে "নৈতিকতা কমিটির সদস্যগণ কর্তৃক কোম্পানির কোন এক আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন কিছু সংখ্যক শিল্প / সিএনজি / ক্যাপটিভ / বাণিজ্যিক / আবাসিক শ্রেণির গ্রাহক আঙ্গিনা পরিদর্শন" কার্যক্রম গ্রহণ করার প্রস্তাব করেন। সভাপতিসহ উপস্থিত অপরাপর সদস্যগণ উক্ত কার্যক্রম গ্রহণে একমত হন। সভাপতি মহোদয় নৈতিকতা কমিটির কয়েকজন সদস্যকে পিজিসিএল-এর যেকোন একটি আঞ্চলিক কার্যালয়ে বিদ্যমান বিভিন্ন শ্রেণির কিছুসংখ্যক গ্রাহক আঙ্গিনা সরেজমিনে পরিদর্শন করে এতদসংক্রান্ত একটি প্রতিবেদন সভাপতি বরাবর দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে কোম্পানির একটি আঞ্চলিক কার্যালয়ে বিদ্যমান বিভিন্ন শ্রেণির গ্রাহকের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক গ্রাহকের আঙ্গিনা সরেজমিনে পরিদর্শন করা এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন সভাপতি মহোদয় বরাবর দাখিল করা। | পিজিসিএল নৈতিকতা কমিটি |

২.০ কমিটির সদস্য-সচিব জানান, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন গত ০৫/০৭/২০২৩ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। পেট্রোবাংলা নৈতিকতা কমিটি গত ২৫ জুলাই ২০২৩ সকাল ১০.০০ ঘটিকায় ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন প্রতিবেদন মূল্যায়নের লক্ষ্যে একটি ফিডব্যাক সভা অনলাইন জুম প্ল্যাটফর্মে আয়োজন করে। সভায় পিজিসিএল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের নির্ধারিত কার্যক্রমসমূহের যথাযথ বাস্তবায়ন ও প্রমাণক পেট্রোবাংলা নৈতিকতা কমিটি বরাবর যথসময়ে প্রেরণ করায় পিজিসিএল নৈতিকতা কমিটির সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেছে। সভাপতি মহোদয় পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক বাস্তবায়ন প্রতিবেদন মূল্যায়নে পেট্রোবাংলা নৈতিকতা কমিটির সন্তোষজনক হওয়ায় পিজিসিএল নৈতিকতা কমিটির সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩.০ সভাপতি মহোদয় পূর্ববর্তী অর্থ বছরগুলোর কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ন্যায় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (১ম কোয়ার্টার)-টি যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা এবং কার্যক্রমসমূহ বাস্তবায়নের প্রমাণক সংরক্ষন করার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

প্রকৌ. মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১৮.০০০০.০৫৪.৪০.০০১.২৩.১৯ তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০

৩০ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

২) সকল উপ-মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৩) সকল ব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড



প্রকৌ. রাজীব ভট্টাচার্য্য
ব্যবস্থাপক